যুগান্তর
প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১০:১২ এএম

শিক্ষাঙ্গন

# ঢাবির বিবিএ ৩১তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ১২ জুলাই ২০২৫, ১২:২৬ পিএম




mastercard
Unparalleled security
for the world's elite

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অ্যাকাউন্টিং বিভাগের উদ্যোগে বিবিএ ৩১তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গত ১০ জুলাই বিজনেস স্টাডিজ অনুষদের ড. আবদুল্লাহ্ ফারুক কনফারেন্স হলে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক মো. মাকছুদুর রহমান সরকার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম চৌধুরী।

জুলাই ২০২৪ গণ-অভ্যুত্থানে আত্মদানকারী ছাত্র-জনতার স্মরণে অনুষ্ঠানের শুরুতে এক মিনিট নীরবতা পালন করা হয়। বিবিএ প্রোগ্রাম পরিচালক সহযোগী অধ্যাপক ও ছাত্র উপদেষ্টা জনাব আল-আমিন নবীন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বক্তব্য দেন। এরপর বিভাগীয় স্টুডেন্ট অ্যাফেয়ার্স কমিটির আহ্বায়ক অধ্যাপক আমিরুস সালাত বিবিএ প্রোগ্রামের নিয়ম কানুন তুলে করেন।

আমন্ত্রিত বিশেষ অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন বিজনেস অনুষদের ডীন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ঈমাম, একাউন্টিংয়ের জীবন্ত কিংবদন্তী খ্যাত বিভাগের অবসরপ্রাপ্ত সিনিয়র শিক্ষক অধ্যাপক এম মঈনউদ্দিন খান, বিভাগের সিনিয়র শিক্ষক অধ্যাপক ড. রিয়াজুর রহমান চৌধুরী এবং আরএকে সিরামিকস পিএলসির কোম্পানি সচিব মোহাম্মদ শহীদুল ইসলাম এফসিএস।